তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক
আমাদের সময়

# স্কুল ভবনের তালা খুলে দিলেন ইউএনও শিক্ষার্থীদের উল্লাস

ভালুকা প্রতিনিধি *

ময়মনসিংহের ভালুকা উপজেলার 'গাংগাটিয়া এডুকো শিক্ষালয়ের তালা গতকাল বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার কামরুল আহসান তালুকদার খুলে দিয়েছেন। এতে ক্ষুদে শিক্ষার্থীরা আনন্দ উল্লাসে মেতে উঠে।

জানা গেছে, উপজেলার গাংগাটিয়া গ্রামে স্পেনের অর্থায়নে ৭০ লাখ টাকা ব্যয়ে এডুকো শিক্ষালয়ের ভবনটি নির্মাণ করা হয়। ২ মাস আগে ঠিকাদার কাজ শেষ করে এডুকোর কর্মকর্তাদের কাছে ভবনটি হস্তান্তর করেন। স্থানীয় ইউপি সদস্য রফিকুল ইসলাম (ইসমাইল মেম্বার) ঠিকাদারের কাছে টাকা পাবে দাবি করে বিদ্যালয়ের ওই ভবনটিতে তালা লাগিয়ে দেয়। উপজেলা নির্বাহী অফিসার কামরুল আহসান তালুকদার বিষয়টি জেনে ওই মেম্বারকে তালা খুলে দেওয়ার নির্দেশ দেন। নির্দেশের পরেও তালা খুলে না দেওয়ায় গতকাল বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার কামরুল আহসান তালুকদার ও ভালুকা মডেল থানার ওসি মামুন অর রশিদ, এডুকোর সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গদের উপস্থিতিতে ভবনের তালাটি খুলে দেন। পরে উপজেলা নির্বাহী অফিসার কামরুল আহসান তালুকদার ও ভালুকা মডেল থানার ওসি মামুন অর রশিদ ছাত্রছাত্রীদের হাতে শিক্ষা সামগ্রী তুলে দেন।

উপজেলা নির্বাহী অফিসার কামরুল আহসান তালুকদার জানান, ক্ষুদে শিক্ষার্থীদের আনন্দে আমিও আনন্দিত। পরবর্তীতে স্কুল পরিচালনায় ওই মেম্বার কোনো বাধার সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।